# ডিসেম্বর/২০১৫ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ শাহজাহান ভূইয়া
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
তারিখ ঃ ২৭ ডিসেম্বর, ২০১৫।
সময় ঃ দুপুর ১২:০০ টা।
স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর তিনি উপজেলা নির্বাহী অফিসার কে সভা পরিচালনার জন্য অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। তিনি বিগত সভার কার্য বিবরনী পাঠ করে শুনান। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

| নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প প কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগী কার্যক্রম যথা নিয়মে চলছে। স্বাস্থ্য সেবা উন্নয়নের লক্ষ্যে তাঁর দপ্তর কাজ করে যাচ্ছে। তিনি জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পয়ঃনিষ্কাশন লাইন বন্ধ হয়ে ময়লা পানি উপচে পড়ছে। হাসপাতালের ওয়াশ রুম সমূহ নষ্ট হয়ে যাওয়ায় ব্যবহার অনুপযোগী হয়ে পড়ছে। তিনি জানান সার্জিক্যাল অ্যাপারেটর্স প্রয়োজন। অটো ক্লেভ মেশিনের অভাবে ওটি বন্ধ হয়ে আছে। এ সকল সমস্যা সমাধানের জন্য তিনি অনুরোধ জানান। সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পরিষদের সাথে নিবির যোগাযোগ রক্ষা করার জন্য উপজেলা স্বাস্থ্য ও প প কর্মকর্তা কে অনুরোধ জানান। সভাপতি বলেন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সমস্যা দ্রুত নিস্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। তিনি চিকিৎসকদের নিয়মিত উপস্থিত থাকতে বলেন। কমিউনিটি ক্লিনিকের ঔষধ ভালভাবে রক্ষণাবেক্ষণের পরামর্শ দেন। | উপজেলা নির্বাহী অফিসার তদন্ত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। | উপজেলা স্বাস্থ্য ও প প কর্মকর্তা ও উপজেলা প্রকৌশলী |
| ২ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান তাঁর দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান ১ জানুয়ারি, ২০১৬ হতে দম্পত্তি রেজিস্ট্রেশন কার্যক্রম শুরু হবে। | দম্পত্তি রেজিস্ট্রেশন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প.প. কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল |
| ৩ | উপজেলা প্রকৌশল বিভাগ | পরিশিষ্ট ক | | |
| ৪ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, ১৬ অক্টোবর, ২০১৫ হতে রবি মৌসুম শুরু হয়েছে। চলতি রবি মৌসুমে ২৫০০ হেক্টর জমিতে সব্জি, ৪৫০ হেক্টর জমিতে সরিষা এবং ৮৩৩৬ হে. জমিতে বোরো ধান আবাদের লক্ষ্য মাত্রা নির্ধারন করা হয়েছে। রাসায়নিক সারের পর্যাপ্ত মজুদ আছে। তাঁর দাপ্তরিক কাজ যথা নিয়মে চলছে। | ফসল আবাদের ক্ষেত্রে কৃষককে যথাযথ পরামর্শ দেয়া ও মনিটরিং করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৫ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। রূপগঞ্জ উপজেলায় ৪৬২ জন মৎস্যজীবীর পরিচয়পত্র প্রস্তুত হয়েছে। পরবর্তীতে তা বিতরন করা হবে। | প্রস্তুতকৃত পরিচয়পত্র দ্রুত মৎস্যজীবীদের মাঝে বিতরনের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৬ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান যে, প্রাণি সম্পদ দপ্তরটি উপজেলা কমপ্লেক্স থেকে দূরে অবস্থিত। ১৯৮২ সালে ভবন তৈরীর পর হতে কমপ্রেশার দিয়ে পানি উত্তোলনের ব্যবস্থা ছিল। বর্তমানে পানির স্তর নিচে চলে যাওয়ায় পর্যাপ্ত পানি পাওয়া যায় না। ফলে উপজেলা পরিষদ থেকে পানি সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ জানান। এছাড়া অফিস ভবনটি দূরে হওয়ায় রাত্রিকালীন নিরাপত্তার জন্য সোলার প্যানেল স্থাপনের জন্য অনুরোধ জানান। তাঁর দাপ্তরিক কাজ যথাযথ চলছে মর্মে সভাকে অবহিত করেন। | কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | প্রাণিসম্পদ কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে,গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ(টিআর) কর্মসূচীর আওতায় প্রথম পর্যায়ে উপজেলায় বরাদ্দকৃত ১০৬.৬০২৬ মে.টন চালে ৫৩টি , কাঞ্চন পৌরসভার ২৮.৬২৬ মে.টন চালে ৯টি এবং জেলা প্রশাসক মহোদয় কর্তৃক বরাদ্দকৃত ৯.০০ মে.টন চালে ১টি প্রকল্প গ্রহণ করা হয়। গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) সাধারণ খাতে বরাদ্দকৃত খাদ্য শষ্যদ্বারা গৃহীত প্রকল্প চলমান রয়েছে। কাজের গড় অগ্রগতি ৪০%। গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) সাধারণ প্রথম পর্যায়ে ১২১.২৫১ মে.টন খাদ্য শষ্য দ্বারা বাস্তাবায়নের জন্য গ্রহীত ১৩টি প্রকল্প গ্রহণ করা হয়। প্রকল্প সমূহের কাজ চলমান রয়েছে। কাজের গড় অগ্রগতি ৩৫%। দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা বাস্তবায়ন কর্মক |
| ৮ | শিক্ষা | উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, ৩১ ডিসেম্বর, ২০১৫ প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার ফলাফল ঘোষণা করা হবে। ১ জানুয়ারি, ২০১৬ বই উৎসবের মাধ্যমে শিক্ষার্থী পর্যায়ে বই বিতরন কার্যক্রম শুরু হবে। উপজেলা নির্বাহী অফিসার প্রতিটি পৌরসভা ও ইউনিয়ন পরিষদ এলকায় এ উৎসব পালনের জন্য অনুরোধ জানান। সভাপতি, এসএমসির সদস্যদের বই উৎসবে সম্পৃক্ত করতে শিক্ষা অফিসার কে অনুরোধ করেন। মাননীয় সংসদ সদস্য প্রতিটি বিদ্যালয়ের প্রধান শিক্ষকে স্ব স্ব এলাকার জনপ্রতিনিধির উপস্থিতিতে বই উৎসব পালনের এবং ছবি তুলে রাখার পরামর্শ প্রদান করেন। | জনপ্রতিনিধিদের উপস্থিতিতে বই উৎসব পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। বই উৎসব বিষয়ে পরবর্তী সভায় প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ৯ | মাধ্যমিক শিক্ষা | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, তাঁর দাপ্তরিক কাজ যথা নিয়মে চলছে। ১ জানুয়ারি, ২০১৬ বই উৎসবের মাধ্যমে শিক্ষার্থী পর্যায়ে বই বিতরন কার্যক্রম শুরু হবে। মাননীয় সংসদ সদস্য নব কিশলয় উচ্চ বিদ্যালয় এন্ড গালর্স কলেজে এর শুভ উদ্বোধন করবেন। মাননীয় সংসদ সদস্য প্রতিটি বিদ্যালয়ের প্রধান শিক্ষককে স্ব স্ব এলাকার জনপ্রতিনিধির উপস্থিতিতে বই উৎসব পালনের এবং ছবি তুলে রাখার পরামর্শ প্রদান করেন। সভাপতি, এসএমসির সদস্যদের বই উৎসবে সম্পৃক্ত করতে মাধ্যমিক শিক্ষা অফিসার কে অনুরোধ করেন। | জনপ্রতিনিধিদের উপস্থিতিতে বই উৎসব পালনর সিদ্ধান্ত গৃহীত হয়। বই উৎসব বিষয়ে পরবর্তী সভায় প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০ | সমাজসেবা | উপজেলা সমাজসেবা কর্মকর্তা বলেন, দ্রুততম সময়ের মধ্যে নতুন বয়স্ক, বিধবা ও স্বামী পরিত্যাক্তা দুস্থ মহিলা ভাতা ও অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা প্রাপ্তির আবেদন ও অনুমোদিত তলিকা তাঁর কার্যালয়ে প্রেরণের জন্য অুরোধ করেন। তাছাড়া দপ্তররের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | এ ধারা অব্যহত রাখার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা। |
| ১১ | যুব উন্নয়ন | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, ঋণ আদায়ের হার শতভাগ। এবং খেলাপী ঋণ আদায়ে জোর প্রচেষ্টা অব্যহত আছে। উপজেলা নির্বাহী অফিসার যে কোন প্রশিক্ষণ শুরুর পূর্বে মাইকিং করে জনগণকে অবহিত করতে অনুরোধ করেন। | ঋণ ও প্রশিক্ষণসহ অন্যান্য কার্যক্রমের এ ধারা অব্যহত রাখার বিষয়ে সিদ্ধান্ত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা। |
| ১২ | মহিলা বিষয়ক | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন মাতৃত্বকালীন ভাতার জন্য তালিকা প্রণয়ন করা হচ্ছে। জনাব সৈয়দা ফেরদৌসী আলম নীলা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন রূপগঞ্জ উপজেলায় নারী উন্নয়ন ফোরাম গঠন করা হলেও বাস্তবে এর কোন কাজ নাই। তিনি মহিলাদের বিভিন্ন ভাতা নারী উন্নয়ন ফোরামের মাধ্যমে প্রণয়নের জন্য অনুরোধ জানান। উপজেলা নির্বাহী | মাতৃত্ব কালীন ভাতাসহ নারীদের অন্যান্য ভাতা নারী উন্নয়ন ফোরামের মাধ্যমে প্রদানের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | মহিলা বিষয়ক কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অফিসার এবং সভাপতি মাতৃত্বকালীনভাতা সহ নারীদের অন্যান্য ভাতা নারী উন্নয়ন ফোরামের মাধ্যমে প্রদানের বিষয়ে একমত পোষণ করেন। মাননীয় জাতীয় সংসদ সদস্য উত্থাপিত প্রস্তাবটি সমর্থন করে কার্যক্রম বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। | | |
| ১৩ | বিআরডিবি | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, অংশীদারিত্ব মূলক পল্লী উন্নয়ন-৩ একনেক সভায় পাশ হয়েছে। বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এ প্রকল্পটি বাস্তবায়ন করবে। এ বিষয়ে অবহিতকরন সভা রূপগঞ্জ উপজেলায় অনুষ্ঠিত হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম সম্পন্নের জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৪ | জনস্বাস্থ্য প্রকৌশল | জনস্বাস্থ্য প্রকৌশলী জানান যে, চলতি অর্থ বছরের নলকূপের বরাদ্দ এখনও পাওয়া যায়নি। বরাদ্দ প্রাপ্তির পর ব্যবস্থা গ্রহণ করা হবে। তাছাড়া তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রমের এ ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | জনস্বাস্থ্য প্রকৌশলী |
| ১৫ | সমবায় | উপজেলা সমবায় অফিসার জনান যে, ২০১৪-১৫ অর্থ বছরে ২০১ টি প্রাথমিক সমবায় সমিতির অডিট বরাদ্দ প্রদান করা হয়েছে। এবং ২০১৩-১৪ অর্থ বছরের প্রাথমিক সমবায় সমিতির অডিট ফি ৩৫০৮৪ টাকা ভ্যাট ১৩৫৫৯ টাকা কেন্দ্রীয় সমবায় সমিতির অডিট ফি ৫২৯৩৬ টাকা এবং প্রাথমিক সমবায় সমিতির সমবায় উন্নয়ন তহবিল ৩৫০৮৪ টাকা এবং কেন্দ্রীয় সমবায় সমিতির ৮০১৪ টাকা ধার্য করা হয়েছে। এর মধ্যে ২০১৪-১৫ অর্থবছরের ১২৯ টি সমবায় সমিতির বার্ষিক অডিট সম্পন্ন করা হয়েছে। ২০১৩-১৪ অর্থ বছরের অডিট ফি বাবদ ৪০০৮০ টাকা ও সমবায় উন্নয়ন তহবিল বাবদ ২৮৩৩২ টাকা ভ্যাট বাবদ ৬০১৩ টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করা হয়েছে। | কার্যক্রমের এ ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ১৬ | খাদ্য | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এলএসডিতে কোন পঁচা খাদ্য শষ্য মজুদ নাই। | এলএসডিতে মান সম্মত খাদ্য শষ্য মজুদের বিষয়ে নজর রাখতে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কে অনুরোধ জানানো হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১৭ | বন বিভাগ | -- | -- | -- |
| ১৮ | এবাএখা | উপজেলা সমন্বয়কারী জানান যে, পল্লী সঞ্চয় ব্যাংক স্থাপনের জন্য দ্রুততম সময়ে ১০০০ বর্গফুটের ০৪ কক্ষ বিশিষ্ট অফিস প্রয়োজন। উপজেলা নির্বাহী অফিসার বলেন উপজেলা কমপ্লেক্সের মাস্টার প্লান অনুযায়ী চাহিদা অনুযায়ী জমি পল্লী সঞ্চয় ব্যাংককে প্রদান করা যাচ্ছে না। তিনি বলেন উপজেলা নির্বাহী অফিসারের অফিসের দোতলা ভবনের উপরে সম্প্রসারিত অংশে পল্লী সঞ্চয় ব্যাংকের নিজস্ব অফিস স্থাপনের জন্য ব্যবহার করা যেতে পারে। প্রকল্প পরিচালক মহোদয়ের অনুমোদনের জন্য পত্র প্রেরণ করতে উপজেলা সমন্বয়কারীকে অনুরোধ জানান। তবে পল্লী সঞ্চয় ব্যাংক পরিচালনার জন্য উপজেলা পরিষদের সাধারণ সভায় সিদ্ধান্ত মতে উপজেলা পরিষদের পুরাতন ভবন হতে ০৪ টি কক্ষ আপাতত বরাদ্দ দেয়ার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এছাড়া দাপ্তরিক কাজ যথা নিয়মে চলছে। | উপজেলা নির্বাহী অফিসারের অফিসের দোতলা ভবনের উপরে সম্প্রসারিত অংশে পল্লী সঞ্চয় ব্যাংকের নিজস্ব অফিস স্থাপনের জন্য ব্যবহার করা যেতে পারে। প্রকল্প পরিচালক মহোদয়ের অনুমোদনের জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমন্বয়কারী |
| ১৯ | পরিসংখ্যান | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান চেয়ারম্যান উপজেলা পরিষদ এর নির্দেশক্রমে অত্র উপজেলার সকল দপ্তরের সার্বিক কার্যক্রম বিষয়ক তথ্য সংগ্রহ করে পরিষদ ভবনের সামনে প্রদর্শনের কাজ শেষ পর্যায়ে রয়েছে। | দ্রুত কার্যক্রম সম্পন্নের জন্য উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |

সভাপতি ২০১৫ সালের শেষ সভায় এবং নতুন বছরের অগ্রিম শুভেচ্ছা জানান। তিনি বলেন বিগত বছরের দুঃখ গ্লানি মুছে দিয়ে নতুন বছর সুখের বারতা নিয়ে আসুক এই কামনা করেন। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং সকলের সু-স্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ শাহজাহান ভূইয়া)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

স্মারক নং-০৫.৪১.৬৭৬৮.০০০.১৬.০৯.১৩- ০৯১২

তারিখঃ০৪/০১/২০১৬।

**সদয় জ্ঞাতার্থেঃ-**

১। মাননীয় সংসদ সদস্য-২০৪, নারায়ণগঞ্জ-০১।
২। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
৫। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

**অবগতি ও কার্যার্থে ঃ**

১। মেয়র, তারাব পৌরসভা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
২। উপজেলা ..................................................................কর্মকর্তা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
৩। মেয়র, কাঞ্চন পৌরসভা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
৪। চেয়ারম্যান.......................................................ইউপি (সকল), রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
৫। জনাব/বেগম......................................................................................।

উপজেলা নির্বাহী অফিসার
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।